গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র পরিদপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

নং-২৪.০২.০০০০.০০১.১১.০০১.১৬-৭৮

তারিখ: ৩০ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ / ১৩ জানুয়ারী, ২০১৬ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বস্ত্র পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ও এর আওতাধীন বিভিন্ন কার্যালয় এবং শিক্ষা প্রতিষ্ঠান এর জন্য নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত সরাসরি পূরণযোগ্য স্থায়ী ও অস্থায়ী শূণ্য পদের বিপরীতে বিধি মোতাবেক অস্থায়ীভাবে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তাধীনে আগ্রহী স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম, বেতন স্কেল, ২০১৫ ও গ্রেড | পদের সংখ্যা ও প্রকৃতি | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রকৃত স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১। | সহকারী শিক্ষক (ভাষা)<br>টাকা ১৬০০০-৩৮৬৪০<br>গ্রেড: ১০ | ০২ (দুই) টি<br>(স্থায়ী) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী এবং শিক্ষায় দ্বিতীয় শ্রেণীর স্নাতক (বি এড) ডিগ্রী; অথবা<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। | **ক্রমিক নং-০১ হতে ০৭ এ বর্ণিত বিজ্ঞপ্তিকৃত পদের বিপরীতে-**<br>ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, শেরপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, ব্রাহ্মনবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর,বগুড়া, জয়পুরহাট, ঠাকুরগাঁও, রাজশাহী, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, গাইবান্ধা, লালমানিরহাট, কুড়িগ্রাম, নীলফামারী, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, ঝিনাইদহ, মাগুরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, বরগুনা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ। |
| ২। | উচ্চমান সহকারী<br>টাকা ১০২০০-২৪৬৮০<br>গ্রেড: ১৪ | ০২ (দুই) টি<br>(স্থায়ী) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) অফিসের কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান। | |
| ৩। | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>টাকা ১০২০০-২৪৬৮০<br>গ্রেড: ১৪ | ০৩ (তিন) টি<br>(স্থায়ী) | নূন্যতম উচ্চ মাধ্যমিক পাশ। কম্পিউটার টাইপিং প্রতি মিনিটে বাংলা সর্বনিম্ন ২৫ শব্দ এবং প্রতি মিনিটে ইংরেজী সর্বনিম্ন ৩০ শব্দ। শর্টহ্যান্ড গতি বাংলা প্রতি মিনিটে ৪৫ শব্দ ও ইংরেজী ৭০ শব্দ। | |
| ৪। | ইলেকট্রিশিয়ান<br>টাকা ৯৩০০-২২৪৯০<br>গ্রেড: ১৬ | ০১ (এক) টি<br>(স্থায়ী) | কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট হতে ইলেকট্রিক্যালে ট্রেড কোর্স পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ ট্রেড সার্টিফিকেট ও বৈধ ইলেকট্রিশিয়ান লাইসেন্সধারী। | |
| ৫। | হেলপার<br>টাকা ৯৩০০-২২৪৯০<br>গ্রেড: ১৬ | ০৭ (সাত) টি<br>(স্থায়ী) | কোন স্বীকৃত ইন্সটিটিউট হতে প্রথম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাস। | |
| ৬। | ম্যকানিক্স<br>টাকা ৯৩০০-২২৪৯০<br>গ্রেড: ১৬ | ০১ (এক) টি<br>(অস্থায়ী) | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ম্যাকানিক্যাল ট্রেড পাসসহ ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ৭। | দক্ষ চালক<br>টাকা ৯৩০০-২২৪৯০<br>গ্রেড: ১৬ | ০১ (এক) টি<br>(স্থায়ী) | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে প্রথম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাস। | |
| ৮। | অফিস সহায়ক<br>টাকা ৮২৫০-২০০১০<br>গ্রেড: ২০ | ১০ (দশ) টি<br>(স্থায়ী) | অন্যূন অষ্টম শ্রেণী পাশ এবং অবশ্যই শারীরিক যোগ্যতা থাকতে হবে। | **ক্রমিক নং-০৮ হতে ১০ এ বর্ণিত বিজ্ঞপ্তিকৃত পদের বিপরীতে-**<br>ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, রাজবাড়ী, শরীয়তপুর, শেরপুর, নেত্রকোনা, জয়পুরহাট, ঠাকুরগাঁও, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, চট্টগ্রাম, কক্সবাজার, রাংগামাটি, কুমিল্লা, ব্রাহ্মনবাড়িয়া, নোয়াখালী, যশোর, ঝিনাইদহ, নড়াইল, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, ঝালকাঠি, বরগুনা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ। |
| ৯। | সহকারী পার্চক<br>টাকা ৮২৫০-২০০১০<br>গ্রেড: ২০ | ০১ (এক) টি<br>(স্থায়ী) | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাশসহ রান্নার কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ১০। | নিরাপত্তা প্রহরী<br>টাকা ৮২৫০-২০০১০<br>গ্রেড: ২০ | ০৩ (তিন) টি<br>(অস্থায়ী) | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাশসহ শারিরীকভাবে যোগ্য। | |

২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নিম্নোক্ত ০১ (এক) পাতার ফরমে স্ব-হস্তে লিখিত আবেদন করতে হবে।

# চাকরির আবেদন ফরম

৫×৫ সে.মি.
ছবি
(সম্প্রতি তোলা, ০২ (দুই) কপি)

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর: | | তারিখ: | দিন | মাস | বৎসর |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | | ৬. জন্মস্থান (জেলা): | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | | |
| ৮. | মাতার নাম: | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | |

| | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | বাসা/সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | থানা: | | |
| | জেলা: | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী | | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): | | |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | তারিখ: | দিন | মাস | বৎসর |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লেখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | দিন | মাস | বৎসর |
|---|---|---|---|

প্রার্থীর স্বাক্ষর

**আবেদনের ক্ষেত্রে নিমোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে:**

১. আবেদনপত্র আগামী ১৮/০২/২০১৬ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে **"পরিচালক,বস্ত্র পরিদপ্তর, বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা) ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫"** এর নিকট ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। উক্ত তারিখ ও সময়ের পর কোন অবস্থাতেই আবেদন গ্রহণযোগ্য হবে না। **খামের উপরে আবেদনকৃত পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে।** আবেদনপত্রের নির্ধারিত স্থানে ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে এবং অতিরিক্ত ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।

২. এতিম/মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য ও সাধারণ প্রার্থীদের সরকারী সার্কুলার মোতাবেক কোটা অনুসরণ করা হবে।

৩. ১৮/০২/২০১৬ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর এর মধ্যে হতে হবে। তবে শারীরিক প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ (ত্রিশ) বৎসর।

৪. উপরোক্ত ক্রমিক নং-০১ হতে ০৭ এর বিজ্ঞপ্তিকৃত পদের জন্য ১০০/- টাকা মূল্যের পোস্টাল অর্ডার এবং ক্রমিক নং-০৮ হতে ১০ এর বিজ্ঞপ্তিকৃত পদের জন্য ৫০/- টাকা মূল্যের পোস্টাল অর্ডার পরিচালক, বস্ত্র পরিদপ্তর, ঢাকা এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে।

৫. নির্ভূল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম ও ঠিকানা লিখিত ০৬ (ছয়) টাকার ডাকটিকিট লাগানো একটি ১০.৫"×৪.৫" সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৬. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত দরখাস্ত/একই খামে একাধিক আবেদন/আবেদনের গায়ে কোন প্রকার সুপারিশ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭. যে কোন ধরণের তদবির বা সুপারিশ প্রার্থীর জন্য অযোগ্যতা বলে বিবেচিত হবে।

৮. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে।

৯. আবেদনপত্র যাচাই-বাছাই এর পর উপযুক্ত প্রার্থীকে লিখিত/ক্ষেত্র বিশেষে স্বাস্থ্যগত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

১০. প্রার্থী নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

১১. এই বিজ্ঞপ্তিতে জারীকৃত নিয়োগতব্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, নিয়োগ প্রদান বা নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার সমূদয় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২. নিয়োগপ্রাপ্তগণ ডাক্তারী পরীক্ষায় অযোগ্য ঘোষিত হলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

১৩. এই নিয়োগ বিজ্ঞপ্তি বস্ত্র পরিদপ্তরের ওয়েব সাইট www.dot.gov.bd এ পাওয়া যাবে।

২৭/০১/১৬

( লায়লা ইয়াফির )
উপ-পরিচালক (প্রশাসন) (অঃ দাঃ)
পরিচালক, বস্ত্র পরিদপ্তরের পক্ষে।